৩

দৈনিক বাংলা

তারিখ ... 17 FEB 1993 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি বজায় রাখুন ঃ খালেদা

গফরগাঁও সরকারী কলেজ ছাত্র সংসদের নবনির্বাচিত নেতাদের নেতৃত্বে একদল ছাত্র মঙ্গলবার রাতে ঢাকায় সুগন্ধায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করে। খবর বাসস'র। এ উপলক্ষে ভাষণদানকালে বেগম জিয়া শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তি শৃংখলা বজায় রাখতে ছাত্রদের প্রতি আহবান জানান। শিক্ষা প্রতিষ্ঠানে যারা বিশৃংখলা ও সন্ত্রাস সৃষ্টি করছে তিনি তাদের প্রতি কঠোর মনোভাব ব্যক্ত করেন। বেগম জিয়া বলেন, তাঁর দল শান্তি ও উৎপাদনের রাজনীতি করছে বলেই জনপ্রিয়তা অর্জন করেছে। সরকারের চালু বিভিন্ন কর্মসূচীর সুষ্ঠু বাস্তবায়নের জন্য তৃণমূল পর্যায়ে বিএনপিকে শক্তিশালী করার প্রয়োজনীয়তার উপর তিনি বিশেষ গুরুত্ব আরোপ করেন। উন্নয়ন কর্মকান্ড বিঘ্নিত করতে হরতাল ও বিশৃংখলা সৃষ্টির রাজনীতি করছে যে রাজনৈতিক দলটি প্রধানমন্ত্রী তার কঠোর সমালোচনা করেন। তিনি বলেন এ দলটির চরিত্র জনগণের জানা হয়েগেছে। স্থানীয় ছাত্রদল নেতা বোরহানুদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন ডাকসু ভিপি আমানউল্লাহ আমান এমপি, সাবেক এমপি আলহাজ ফজলুর রহমান সুলতান, শহীদুজ্জামান খান, মীর মোনায়েম সালেহ, তারেক হাসান ও তপন কান্তি দাস।